**ভারত-জার্মানি উচ্চস্তরের প্রযুকতি অংশীদারী গোষ্ঠীর প্রথম বৈঠক**

আজ বার্লিনে বিদেশ সচিব শ্রীমতি সুজাতা সিং এবং জার্মানি বিদেশমন্ত্রকের স্টেট সচিব হারাল্ড ব্রাউন যৌথভাবে ভারত-জার্মানি উচ্চস্তরীয় প্রযুকতি অংশীদারী গোষ্ঠীর পৌরোহিত্য করেন।এই গোষ্ঠী উন্নত স্তরের প্রযুকতি সহযোগিতার ক্ষেত্রে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো সমৃদ্ধ করবে। বৈঠকে উভয়পক্ষ উন্নত প্রযুকতির বাণিজ্য সম্প্রসার এবং প্রযুকতি রপ্তানি নিয়ন্ত্রণ বিধি বিষয় ও পরমাণু অস্ত্র পাচার নিরোধ বিষয়ে মত বিনিময় করেন। এছাড়া বৈঠকে **২০১৪** সালের প্রথম পর্যায়ে নয়াদিল্লিতে অনুষ্ঠিতব্য সংস্লিষ্ট মন্ত্রক এবং উচ্চস্তরীয় বণিক প্রতিনিধিদলের যোগদান সহ সম্প্রসারিত দ্বিতীয় পর্যায়ের বৈঠকের প্রস্তুতি নিয়েও আলোচনা করেন।

২. গত **২০১৩** সালের এপ্রিল মাসে বার্লিনে জার্মান চ্যান্সেলার অ্যাঞ্জেলা মার্কেল ও প্রধানমন্ত্রী মনমোহন সিং-এর মধ্যে অনুষ্ঠিত দ্বিতীয় ভারত-জার্মান পারস্পরিক পরামর্শ বৈঠকে এই ধরণের গোষ্ঠী গঠনের সিদ্ধান্ত হয়েছিল। তখন এও সিদ্ধান্ত হয়,উভয় দেশ উন্নত স্তরের প্রযুকতির ক্ষেত্রে বাণিজ্য ও সহযোগিতা সম্প্রসারিত করবে।

**নয়াদিল্লি**

**১০ সেপ্টেম্বর,২০১৩**